নূরজাহান আক্তার, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, ময়মনসিংহ কর্তৃক ২৯/১২/২০২২ খ্রি. তারিখ উপজেলা সমবায় কার্যালয়, গৌরীপুর, ময়মনসিংহ এর নিবন্ধন নথি যাচাই প্রতিবেদন।

উপজেলা: গৌরীপুর, জেলা: ময়মনসিংহ বিভাগ: ময়মনসিংহ।

১. সমিতির নাম: পাটেশ্বরী খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) লি:।
২. সমিতির নিবন্ধন নং – ০০১, তারিখ: ২০/১১/২০২২ খ্রি.।
৩. সমিতির ঠিকানা: গ্রাম: সরিষাহাটি, পো: গিধাউষা, উপজেলা: গৌরীপুর, জেলা: ময়মনসিংহ ।
৪. সমিতির সভ্য নির্বাচনী এলাকা: সহনাটি, সরিষাহাটি, হতিয়র, বাগুরীহাটি, কাশিচরন, পাতরাইল, ইশ্বরপুর, ভগবতীপুর এর মধ্যে সীমাবদ্ধ।
৫. সমিতির কর্ম এলাকা : গৌরীপুর উপজেলার ০৫ নং সহনাটি ইউনিয়নের মধ্যে সীমাবদ্ধ।
৬. **নিবন্ধন নথি যাচাই কালে প্রাপ্ত ত্রুটিসমূহ:**

ক) পাটেশ্বরী খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) লি: নিবন্ধনের জন্য উপজেলা সমবায় কার্যালয়, গৌরীপুর, ময়মনসিংহ আবেদন পাওয়া যায় ০৫/৯/২০২২ খ্রি তারিখে আবেদনপত্রটি seen করা হয় ০৩/১০/২০২২ খ্রি. তারিখে।

খ) আবেদনপত্রটি ডাইরীভুক্ত করা হয় ০৩/১০/২০২২ খ্রি. তারিখে যার ডাইরী নম্বর ১৭২ এবং ২/১১/২০২২ খ্রি. তারিখ জনাব দেলোয়ার হোসেন, সহকারী পরিদর্শক সমিতির সাংগঠনিক কাগজপত্র সরেজমিনে যাচাই করেন এবং ০২/১১/২০২২ খ্রি. তারিখে যাচাই প্রতিবেদন দাখিল করেন । যাচাই প্রতিবেদন seen করা হয়নি। যাচাই প্রতিবেদন ১৭/১১/২২খ্রি. তারিখে নথিতে বিলম্বে উপস্থাপন করা হয় এবং ২০/১১/২২খ্রি. তারিখে নিবন্ধন আদেশ দেয়া হয়।

গ) প্রস্তাবিত সমবায় সমিতির নিবন্ধনের আবেদনপত্র পাওয়ার পর সমিতির সাংগঠনিক কাগজপত্রাদি সরেজমিনে যাচাই করার জন্য সহকারী পরিদর্শককে লিখিত কোন আদেশ প্রদান করা হয়নি, তবে নিবন্ধন নথির নোটাংশে আদেশ দেওয়া হয়েছে।

ঘ) সমিতির সাংগঠনিক সভার রেজুলেশনে আগামী ০২ বছরের সম্ভাব্য বাজেটের সহিত সংগঠক কর্তৃক প্রত্যয়নে উক্ত বাজেটের মিল নেই।

৭। **সুপারিশ সমূহ:**

ক)সমিতি নিবন্ধনের আবেদনপত্র পাওয়ার পর যথাযথ সময় নিয়ে সাংগঠনিক কাগজপত্রাদি সরেজমিনে যাচাই করতে হবে।

খ) সমবায় সমিতি নিবন্ধন আবেদনপত্র পাওয়ার পর ডাইরীভুক্ত করে যথাযথ পদ্ধতি অবলম্বনপুর্বক সমিতির সাংগঠনিক কাগজপত্রাদি সরেজমিনে যাচাই করার জন্য লিখিত আদেশ দিতে হবে।

গ) সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা যথাযথ অনুসরণ করছে কিনা তা ভালো ভাবে দেখতে হবে।

ঘ) আবেদনপত্রের স্বাক্ষরের সাথে উপ আইনের স্বাক্ষরের মিল আছে কিনা তা যথাযথভাবে যাচাই করতে হবে।

ঙ) নথির সকল কাগজপত্রেপৃষ্ঠা নম্বর দিতে হবে।

চ) সমিতির নিবন্ধন সংক্রান্ত সকল কাগজপত্রে নিবন্ধন নম্বর ও তারিখ একই রকমভাবে লিখতে হবে।

জেলা সমবায় কর্মকর্তা
ময়মনসিংহ।

২৯/১২/২২
নূরজাহান আক্তার
পরিদর্শক
জেলা সমবায় কার্যালয়
ময়মনসিংহ

স্মারক নং- ৪৭৬ তারিখ: ২৯/১২/২০২২ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. জেলা সমবায় কর্মকর্তা, ময়মনসিংহ (মহোদয়ের সদয় অবগতির জন্য)

জাকিয়া সুলতানা, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, ময়মনসিংহ কর্তৃক ২৯/১১/২০২২ খ্রি. তারিখ উপজেলা সমবায় কার্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ এর নিবন্ধন নথি যাচাই প্রতিবেদন।

১. সমিতির নাম: বানিয়াধলা পূর্ব সিআইজি (ফসল) সমবায় সমিতি লি:।
২. সমিতির নিবন্ধন নং- ০১, তারিখ: ২৯/০৯/২০২২ খ্রি.।
৩. সমিতির ঠিকানা: গ্রাম: বানিয়াধলা, ডাকঘর: ফাতেমা নগর, উপজেলা: ত্রিশাল, জেলা: ময়মনসিংহ।
৪. সমিতির সভ্য নির্বাচনী এলাকা: ত্রিশাল উপজেলার কাঁঠাল ইউনিয়নের বানিয়াধলা গ্রামের মধ্যে সীমাবদ্ধ।
৫. সমিতির কর্ম এলাকা: ত্রিশাল উপজেলার কাঁঠাল ইউনিয়নের বানিয়াধলা গ্রামের মধ্যে সীমাবদ্ধ।

**নিবন্ধন নথি যাচাই কালে প্রাপ্ত ত্রুটিসমূহ:**

ক) প্রস্তাবিত বানিয়াধলা পূর্ব সিআইজি (ফসল) সমবায় সমিতি লি: নিবন্ধনের জন্য উপজেলা সমবায় কার্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ আবেদন পাওয়া যায় ২৭/০৯/২০২২ খ্রি তারিখে। আবেদনপত্রটি ২৭/৮/২০২২ খ্রি. তারিখে গ্রহণ করা হয়। নথিটি ডাইরী করা হয় ২৮/০৯/২০২২ খ্রি: তারিখে এবং কিন্তু নথিটির নোটাংশে দেখা যায় সহকারী পরিদর্শক কর্তৃক ২৭/০৯/২০২২ খ্রি. তারিখে দ্বিতীয় নোট দেওয়া হয়েছে।

খ) আবেদনপত্রটি ডাইরীভুক্ত করা হয় ২৮/০৯/২০২২ খ্রি. তারিখে যার ডাইরী নম্বর ৩৩৭ এবং ২৮/০৯/২০২২ খ্রি. তারিখ জনাব রাজীব গোস্বামী, সহকারী পরিদর্শক সমিতির সাংগঠনিক কাগজপত্র সরেজমিনে যাচাই করেন এবং ২৮/০৯/২০২২ তারিখে যাচাই প্রতিবেদন দাখিল করেন যা অত্যন্ত কম সময় নিয়ে যাচাই করা হয়েছে। এত কম সময়ে সমিতির সাংগঠনিক কাগজপত্রাদি যাচাই করা যথাযথ হয়নি তাই ভুলত্রুটিগুলো যথাযথভাবে উদঘাটন করা সম্ভব নয়, নিবন্ধন আবেদন পাওয়ার পর ৬০ দিনের মধ্যে নিবন্ধন প্রদানের বিধান রয়েছে তাই আরো বেশি সময় নিয়ে নিবন্ধন নথির সাংগঠনিক কাগজপত্রাদি যাচাই করে সমিতি নিবন্ধনের সুপারিশ করা প্রয়োজন ছিল।

গ) প্রস্তাবিত সমবায় সমিতির নিবন্ধনের আবেদনপত্র পাওয়ার পর সমিতির সাংগঠনিক কাগজপত্রাদি সরেজমিনে যাচাই করার জন্য সহকারী পরিদর্শককে লিখিত কোন আদেশ প্রদান করা হয়নি, তবে নিবন্ধন নথির নোটাংশে আদেশ দেওয়া হয়েছে।

ঘ) সদস্য রেজিষ্টার ও জমা খরচ বহির ফটোকপি আবেদন পত্রের সাথে পাওয়া যায়নি।

ঙ) ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আমানত সুরক্ষা তহবিল সংক্রান্ত প্রত্যয়ন পাওয়া যায়নি এবং প্রাক নিবন্ধন সংক্রান্ত ফটো ও অফিস ঘরের ফটো পাওয়া যায়নি।

**সুপারিশ সমূহ:**

ক) সমিতি নিবন্ধনের আবেদনপত্র পাওয়ার পরযথাযথসময় নিয়ে সাংগঠনিক কাগজপত্রাদি সরেজমিনে যাচাইকরতে হবে।

খ) সমবায় সমিতি নিবন্ধন আবেদনপত্র পাওয়ার পর ডাইরীভুক্ত করে যথাযথ পদ্ধতি অবলম্বনপুর্বক সমিতির সাংগঠনিক কাগজপত্রাদি সরেজমিনে যাচাই করার জন্য লিখিত আদেশ দিতে হবে।

গ) সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা যথাযথ অনুসরণ করছে কিনা তা ভালো ভাবে দেখতে হবে।

ঘ) আবেদনপত্রের স্বাক্ষরের সাথে উপ আইনের স্বাক্ষরের মিল আছে কিনা তা যথাযথভাবে যাচাই করতে হবে।

ঙ) নথির সকল কাগজপত্রে পৃষ্ঠা নম্বর দিতে হবে।

চ) সমিতির নিবন্ধন সংক্রান্ত সকল কাগজপত্রে নিবন্ধন নম্বর ও তারিখ একই রকমভাবে লিখতে হবে।

ছ) নিবন্ধক মহোদয়ের সার্কুলার মোতাবেক সাংগঠনিক কাগজপত্রাদি প্রস্তুত করতে হবে।

২৯/১২/২০২২

জেলা সমবায় কর্মকর্তা
ময়মনসিংহ

জাকিয়া সুলতানা
পরিদর্শক
জেলা সমবায় কার্যালয়, ময়মনসিংহ

স্মারক নং- পরি/জেসঅ/ময়মন-৪১১

তারিখ: ২৯/১২/২০২২ খ্রি.

কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. উপজেলা সমবায় কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ ।